গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল- নরসিংদী
জিন্নাহ ফকির টাওয়ার (৩য় তলা), তিতাস গ্যাস রোড, জেলখানার মোড়, নরসিংদী সদর, নরসিংদী-১৬০০।
www.taxeszonenarsingdi.gov.bd

নথি নং- কঃঅঃ- নরসিংদী/নিয়োগ/২০২৫-২০২৬/৬৩১

তারিখঃ ৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, কর-১ শাখার স্মারক নং ০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.১৯৫ তারিখ ০৯ জুলাই ২০২৫ অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে এবং জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং ০৮.০১.০০০০.০০০.০১৯.৩৫.০০০১.২৪.২০০ তারিখ ২৯ মার্চ ২০২৬ মোতাবেক কর অঞ্চল- নরসিংদী এর বিভাগীয় নিয়োগ কমিটি গঠন করা হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ তারিখ ২৩ জুলাই ২০২৪ এর আলোকে কর অঞ্চল-নরসিংদী এর বিভাগীয় নিয়োগ কমিটি কর্তৃক নিয়োগযোগ্য প্রার্থীর তালিকা প্রস্তুতপূর্বক কর অঞ্চল-নরসিংদী এর নথি নং- কঃঅঃ- নরসিংদী/নিয়োগ/২০২৫-২০২৬/৬২১; তারিখ ২১ জুন ২০২৬ মোতাবেক নিয়োগের জন্য সুপারিশ প্রদান করা হয়। সুপারিশকৃত প্রার্থীদের এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়সমূহ অনুসরণ করে আগামী ২৯/০৬/২০২৬ খ্রি. তারিখে সকাল ৯.০০ ঘটিকায় উপস্থিত হয়ে যোগদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নিয়োগের শর্তাবলী:**

(১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে প্রচলিত এবং সরকার নির্ধারিত সকল বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।

(২) নিয়োগপ্রাপ্ত প্রার্থী যোগদানের তারিখ হতে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে তাঁর কাজকর্ম ও আচরণ সন্তোষজনক বলে প্রতীয়মান না হলে তাঁর শিক্ষানবিশ কালের মেয়াদ বর্ধিত করা হতে পারে। বর্ধিত সময়েও তাঁর আচরণ সন্তোষজনক না হলে বা অযোগ্য হিসেবে বিবেচিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো সময় তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।

(৩) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নিম্নলিখিত দলিলপত্র দাখিল করতে হবে-

(ক) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের নিমিত্তে মূল সার্টিফিকেট প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক উক্ত সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি;

(খ) সিভিল সার্জনের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র;

(গ) ডোপ টেস্ট রিপোর্টের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) এই নিয়োগপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ছায়ালিপি; এবং

(চ) স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ (ফরমটি চাকরিতে যোগদানের সময় সরবরাহ করা হবে)।

**বিশেষ দ্রষ্টব্য ১- কোন নির্বাচিত প্রার্থী নিয়োগপত্র না পেয়ে থাকলে ক্রমিক নং-৩-এ উল্লিখিত নির্দেশনার ভিত্তিতে দলিলপত্রাদি সাথে নিয়ে এসে অফিস থেকে নিয়োগপত্র সংগ্রহ করতে পারবেন।**

বিশেষ দ্রষ্টব্য ২- নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। শারীরিক যোগ্যতার সনদপত্র অথবা পুলিশ ভেরিফিকেশন ফরমে কোনো বিরূপ তথ্য/মন্তব্য পাওয়া গেলে অথবা শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ঠিকানা ও অন্যান্য বিষয়ে প্রার্থীর দাখিলকৃত তথ্যের সাথে পরবর্তীতে প্রাপ্ত তথ্যের কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিল করতে পারবেন।

(৪) নিয়োগপ্রাপ্ত প্রার্থী প্রজাতন্ত্রের যে কোনো স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

CamScanner

(৫) কোটায় চাকরি প্রাপ্ত প্রার্থীর কোটা সংক্রান্ত কোনো ভুল বা মিথ্যা তথ্য পাওয়া গেলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(৬) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি দাখিল করতে হবে।

(৭) সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নিয়োগপ্রাপ্ত প্রার্থীর চাকরিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

(৮) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৯) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি চাকরি সংক্রান্ত এরূপ বিষয় সরকারের প্রচলিত আইন, আদেশ এবং বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে চাকরি নিয়ন্ত্রিত হবে।

(১০) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

(১১) উপরোল্লিখিত শর্তাবলী অনুযায়ী চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৯ জুন ২০২৬, সোমবার পূর্বাহ্নে তাঁকে কর কমিশনার কার্যালয়, কর অঞ্চল-নরসিংদী'তে উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে; এবং

(১২) জনস্বার্থে এ নিয়োগ প্রদান করা হলো এবং কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

22.06.26

(নূর মোহাম্মদ)
উপকর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-নরসিংদী

CamScanner